

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২০১৮-১৯ অর্থবছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ৪৪ প্রকল্পে বরাদ্দ প্রায় ৯০০ কোটি টাকা জানুয়ারি পর্যন্ত ৭ মাসে ব্যয় হয়েছে ২৮৪ কোটি ৪৭ লাখ

তথ্যবিবরণীঃ

ঢাকা, ২৪ ফেব্রুয়ারি, ২০১৯:

২০১৮-১৯ অর্থবছরে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মোট ৪৪টি প্রকল্পে বরাদ্দ প্রায় ৯০০ কোটি টাকা। অর্থবছরের জুলাই ২০১৮ থেকে জানুয়ারি ২০১৯ পর্যন্ত ৭ মাসে ব্যয় হয়েছে ২৮৪ কোটি ৪৭ লাখ, যা মোট বরাদ্দের ৩৪.৭৪%। তবে চলতিবছরের জানুয়ারি-২০১৯ পর্যন্ত প্রকল্পবাস্তবায়নের জাতীয় গড়-অগ্রগতি হচ্ছে ৩৪.৪৩%। বিগত ২০১৭-১৮ অর্থবছরে মোট ৪৭টি প্রকল্পে এই বরাদ্দ ছিল প্রায় ৯৯০ কোটি টাকা এবং একই সময়ে ব্যয় হয়েছিল প্রায় ২৭৮ কোটি টাকা। চলতি অর্থবছরে মন্ত্রণালয়ের ৪৪টি প্রকল্পের মধ্যে মন্ত্রণালয়ের মৎস্য-উপখাতের ২১টি প্রকল্পের বরাদ্দ হচ্ছে ৪৪০ কোটি ৭০ লাখ টাকা এবং এই ৭ মাসে এ উপখাতে ব্যয় হয়েছে ১৪২ কোটি টাকা। এসব প্রকল্পের মধ্যে মৎস্য অধিদফতরের ১৪টি প্রকল্পে ৩৪১ কোটি ২৮ লাখ, মৎস্য গবেষণা ইনস্টিটিউটের ৫টি প্রকল্পে প্রায় সাড়ে ৩৪ কোটি এবং মৎস্য উন্নয়ন কর্পোরেশনের ২টি প্রকল্পে বরাদ্দ প্রায় ৬৫ কোটি টাকা। তবে বিগত অর্থবছরে মৎস্য-উপখাতের ২৬টি প্রকল্পে বরাদ্দকৃত ৪৮৬ কোটি ৬০ লাখ টাকার মধ্যে একই সময়ে ব্যয় হয়েছিল প্রায় সাড়ে ১২১ কোটি টাকা।

অপরদিকে, চলতি অর্থবছরে প্রাণিসম্পদখাতের ২৩টি প্রকল্পের বরাদ্দ হচ্ছে মোট ৩৭৮ কোটি ২২ লাখ টাকা এবং এই ৭ মাসে এ উপখাতে ব্যয় হয়েছে প্রায় ১৪৩ কোটি টাকা। এসব প্রকল্পের মধ্যে প্রাণিসম্পদ অধিদফতরের ১৬টি প্রকল্পে ৩৪০ কোটি ২৪ লাখ, প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের ৬টি প্রকল্পে ৩০ কোটি ৭২ লাখ এবং ভেটেরিনারি কাউন্সিলের ১টি প্রকল্পে ৭ কোটি ২৬ লাখ টাকা বরাদ্দ আছে। তবে বিগত ২০১৭-১৮ অর্থবছরে এই উপখাতের ২১টি প্রকল্পে বরাদ্দকৃত প্রায় ৫০২ কোটি ৫০ লাখ টাকার মধ্যে একই সময়ে ব্যয় হয়েছিল মোট ১৫৬ কোটি ২৫ লাখ টাকা।

বাস্তবায়নাধীন মৎস্য উপখাতের প্রকল্পগুলোর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে মুক্তাচাষ প্রযুক্তি উন্নয়ন প্রকল্প, জলাশয় সংস্কারের মাধ্যমে মৎস্য উৎপাদনবৃদ্ধি, ৩টি উপকূলীয় জেলার ৪ স্থানে মৎস্য অবতরণকেন্দ্র স্থাপন, হাওর অঞ্চলে মৎস্য অবতরণকেন্দ্র স্থাপন, সামুদ্রিক মৎস্য গবেষণা জোরদারকরণ ও অবকাঠামো উন্নয়ন, চাঁদপুর নদীকেন্দ্র ইলিশ গবেষণা জোরদারকরণ, ঝিনুক ও শামুক সরংরক্ষণ পোনা উৎপাদন এবং চাষ প্রভৃতি। প্রাণিসম্পদ উপখাতের প্রকল্পের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে—প্রাণিসম্পদ উপকরণ ও প্রাণিজাত খাদ্যের মান নিয়ন্ত্রণ গবেষণাগারস্থাপন, ব্লাকবেঞ্জল জাতের ছাগল উন্নয়ন ও সম্প্রসারণ, কৃত্রিম পুষ্টিপদার্থ সন্নিবেশন কর্মসূচির (এডিপি) পর্যালোচনাসভায় এসব তথ্য জানানো হয়। প্রতিমন্ত্রী মন্ত্রণালয়ের ধীরগতিতে অসন্তোষপ্রকাশ করে প্রকল্প-বাস্তবায়নে অসমর্থ প্রকল্পপরিচালকদের দায়িত্ব আঁকড়ে থাকার বদলে জল্পাআর্থে স্বেচ্ছায় দায়িত্ব ছেড়ে দেয়ার আহবান জানান।

আজ মন্ত্রণালয়ের সম্মেলনক্ষেত্রে মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী আশরাফ আলী খান খসরুর সভাপতিত্বে মৎস্য ও প্রাণিসম্পদ উপখাতের পৃথক-পৃথক বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) পর্যালোচনাসভায় এসব তথ্য জানানো হয়। প্রতিমন্ত্রী মন্ত্রণালয়ের ধীরগতিতে অসন্তোষপ্রকাশ করে প্রকল্প-বাস্তবায়নে অসমর্থ প্রকল্পপরিচালকদের দায়িত্ব আঁকড়ে থাকার বদলে জল্পাআর্থে স্বেচ্ছায় দায়িত্ব ছেড়ে দেয়ার আহবান জানান।

মোঃ শাহ আলম,
পিআরও-সিনিয়র ইনফরমেশন অফিসার
০১৫১১৬৭৭৬৭৮, ০১৮৪২৬৭৭৬৭৮